# চুক্তিনামা

খাগড়াছড়ি পার্বত্য জেলার মাধ্যমিক শিক্ষা বিভাগ
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তর।

সমন্বয়ে: পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পরিচালিত খাগড়াছড়ি পার্বত্য জেলার মাধ্যমিক শিক্ষার কার্যক্রম খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তরের চুক্তিপত্র।

যেহেতু খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২১ নং আইন) এর ২২ ধারা এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ (সংশোধন) আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১১নং আইন) এ বর্ণিত ১ম তফসিল অনুযায়ী সরকার কর্তৃক পরিচালিত মাধ্যমিক শিক্ষার কার্যক্রম খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করিতে সরকার ইচ্ছা প্রকাশ করিয়াছে;

এবং যেহেতু সরকার ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মধ্যে এই বিষয়ে আলোচনা হইয়াছে এবং উক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ মাধ্যমিক শিক্ষা কার্যক্রম নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে গ্রহণ করিতে সম্মত হইয়াছে;

সেহেতু সরকার **উপরি উক্ত** আইনের ২৩(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের সম্মতিক্রমে এ জেলায় অবস্থিত সকল সরকারি ও বেসরকারি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কর্ম ও বিষয়গুলি খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে **নিম্নলিখিত শর্তাধীনে** হস্তান্তর করিল;

(ক) **কার্যাবলি:**

- (১) মাধ্যমিক শিক্ষার উন্নয়ন, পরিচালনা, তত্ত্বাবধান, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ;
- (২) উন্নয়নের জন্য স্থানীয়ভাবে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন;
- (৩) সরকারি বিধি-বিধান অনুযায়ী মাধ্যমিক বিদ্যালয় স্থাপন ও রক্ষণাবেক্ষণ;
- (৫) মাধ্যমিক বিদ্যালয়ের অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ
- (৬) সাধারণ পাঠাগার স্থাপন ও রক্ষণাবেক্ষণ;
- (৭) ছাত্র-ছাত্রীর বৃত্তির ব্যবস্থা;
- (৮) ছাত্রাবাস ও ছাত্রীনিবাস স্থাপন ও রক্ষণাবেক্ষণ;
- (৯) মাধ্যমিক শিক্ষক/শিক্ষিকাদের প্রশিক্ষণের জন্য মনোনয়ন;
- (১০) শিক্ষা প্রতিষ্ঠানকে আর্থিক মঞ্জুরি প্রদান;
- (১১) গরীব ও দুঃস্থ শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে পাঠ্যপুস্তক ও অন্যান্য শিক্ষা উপকরণ বিতরণ;
- (১২) শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্রীড়া ও সাংস্কৃতিক উন্নয়ন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক সরঞ্জাম বিতরণ;
- (১৩) সরকারি বিধি-বিধান অনুযায়ী শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারী নিয়োগ, বদলি, পদোন্নতি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ ইত্যাদি;
- (১৪) মাধ্যমিক শিক্ষার আওতাধীন জেলা ও উপজেলার সকল সরকারি কার্যালয় এবং সকল মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিষদের চেয়ারম্যান/চেয়ারম্যান কর্তৃক মনোনীত সদস্য/কর্মকর্তা পরিদর্শন করিতে পারিবেন। তবে পরিদর্শনের জন্য মনোনীত কর্মকর্তার পদমর্যাদা কোনক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিম্নে হইবে না; এবং
- (১৫) সরকারি বিধি-বিধান অনুযায়ী মাধ্যমিক শিক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি।

(খ) কর্মকর্তা, কর্মচারী, সম্পত্তি ইত্যাদি:

- (১) জেলা শিক্ষা অফিসার ও তাঁহার কার্যালয়ের অন্যান্য অফিসার ও কর্মচারী;
- (২) জেলার সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ সকল শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারী;
- (৩) জেলার সকল বেসরকারি মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী;
- (৪) সরকারি, বেসরকারি, দেশী-বিদেশী সংস্থার সহযোগিতায় পরিচালিত আবাসিক-অনাবাসিক, মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী;
- (৫) মাধ্যমিক পর্যায়ের ছাত্রীদের উপবৃত্তি প্রকল্পের অধীনে জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারী;
- (৬) উল্লিখিত অফিস, শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ভবন, যানবাহন, স্থাবর, অস্থাবর, সম্পদাদির মেরামত, সংস্কার, রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন এবং এতদ্‌সম্পাদাদি হইতে প্রাপ্ত আয় জেলা পরিষদ তহবিলে ন্যস্ত হইবে;
- (৭) উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ও উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়াদি সরকার পার্বত্য জেলা পরিষদে হস্তান্তর করিবে।

১.০। শর্তাবলী:

১.১। জেলা শিক্ষা অফিস:

সকল কর্মকর্তা ও কর্মচারীর বেতন-ভাতাসহ কার্যালয়ের অন্যান্য ব্যয় এবং পরিষদের মাধ্যমে বাস্তবায়নযোগ্য উন্নয়ন প্রকল্পের জন্য বাজেটে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট মন্ত্রনালয়/অধিদপ্তর/কর্তৃপক্ষ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের অনুকূলে বরাদ্দ প্রদান করিবে।

১.২। সরকারি মাধ্যমিক বিদ্যালয়:

সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সকল শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের বেতন-ভাতাদিসহ বাজেটে বরাদ্দকৃত অন্যান্য ব্যয়ের অর্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কর্তৃপক্ষ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে প্রদান করিবে।

১.৩। মাধ্যমিক ও সমপর্যায়ের এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সকল শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশসহ বাজেটে বরাদ্দকৃত অন্যান্য ব্যয়ের অর্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের অনুকূলে প্রদান করিবে।

১.৪। সরকারি-বেসরকারি, দেশী-বিদেশী সংস্থার সহযোগিতায় পরিচালিত মাধ্যমিক/নিম্নমাধ্যমিক/আবাসিক-অনাবাসিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীর বেতন-ভাতা ও অন্যান্য খরচের অর্থ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সরকারি বিধি মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের অনুকূলে প্রদান করিবেন।

১.৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও অফিসের অন্যান্য কর্মচারীর বেতন-ভাতাদি ও অন্যান্য ব্যয়ের অর্থ ও উপবৃত্তির জন্য প্রদত্ত অর্থ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের **অনুকূলে** প্রদান করিবে।

১.৬। পরিষদ সরকারি-বেসরকারি মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সকল কর্মকান্ড তদারক, তত্ত্বাবধান ও সমন্বয় সাধন করিবে।

১.৭। পরিষদ সরকারের প্রচালিত প্রবিধি/নীতিমালা/বিধি-বিধান অনুযায়ী শিক্ষা **প্রতিষ্ঠানের** ম্যানেজিং কমিটি গঠন, স্থগিত এবং বাতিল করার অধিকার সংরক্ষণ করিবে।

২.০। নিয়োগ, বদলী, পদোন্নতি, প্রশিক্ষণ ও শৃঙ্খলা:

২.১। জেলা শিক্ষা অফিস ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়:
জেলা শিক্ষা অফিস ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের নিয়োগ, বদলি, পদোন্নতি, প্রশিক্ষণ ও শৃঙ্খলা খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের এতদ্‌সংক্রান্ত সরকারি বিধি/প্রবিধান অনুযায়ী পরিচালিত হইবে।

২.২। প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীগণকে সাধারণত জেলার বাইরে বদলি করা যাইবে না। তবে সরকার প্রয়োজনে জনস্বার্থে বদলি করিতে পারিবে।

২.৩। জেলা পরিষদ সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা-কর্মচারীদিগকে জেলার অভ্যন্তরে এক সরকারি বিদ্যালয় হইতে অন্য সরকারি বিদ্যালয়ে বদলি করিতে পারিবে;

২.৪। বেসরকারি মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, **প্রশিক্ষণের জন্য মনোনয়ন** ও শাস্তিমূলক ব্যবস্থা ইত্যাদি বিষয়ে ম্যানেজিং কমিটির সকল সিদ্ধান্ত পরিষদকে অবহিত করিতে হইবে।

৩.০। ছুটি :

৩.১। নৈমিত্তিক ছুটি:
পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান এবং তাঁহার অনুপস্থিতিতে তাহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি/কর্মকর্তা (যিনি আবেদনকারীর কর্মকর্তার নিম্ন পর্যপায়ের কোন কর্মকর্তা হইবে না) জেলা শিক্ষা কর্মকর্তা/প্রধান শিক্ষক/শিক্ষিকা, সরকারি উচ্চ বিদ্যালয় এর নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবেন। অন্যান্যদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত নীতি বহাল থাকিবে।

৩.২। অর্জিত ছুটি:
সরকারি প্রচলিত নিয়ম বহাল থাকিবে। তবে এতদসংক্রান্ত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র পার্বত্য জেলা পরিষদের মাধ্যমে যাথযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে।

৪.০। বার্ষিক গোপনীয় অনুবেদন:

৪.১। জেলা শিক্ষা অফিসার/সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকা এর বার্ষিক গোপনীয় অনুবেদন পরিষদ চেয়ারম্যান লিখিবেন এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতিস্বাক্ষরের জন্য প্রেরণ করিবেন।

৪.২। অন্যান্য কর্মকর্তা/শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীদের ক্ষেত্রে প্রচলিত নিয়ম বহাল থাকিবে।

৫.০। উন্নয়ন সংক্রান্ত কর্মকান্ড:

৫.১। পার্বত্য জেলা পরিষদ জেলার অভ্যন্তরে মাধ্যমিক শিক্ষা বিষয়ক উপরের (ক) অনুচ্ছেদে বর্ণিত "কার্যাবলি" বাস্তবায়নের জন্য সকল উন্নয়ন পরিকল্পনা/প্রকল্প জেলা শিক্ষা অফিসার/সরকারি-বেসরকারি মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ম্যানেজিং কমিটির সহায়তার সরকারি বিধিমতে প্রণয়ন, গ্রহণ ও বাস্তবায়ন করিবে;

৫.২। জাতীয় পর্যায়ে মাধ্যমিক শিক্ষা বিষয়ক উপরের (ক) অনুচ্ছেদে বর্ণিত "কার্যাবলী" সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর পরিষদের মাধ্যমে বাস্তবায়ন করিবে।

৬.০। বিবিধ:
বিদেশী সাহায্য সংস্থা কর্তৃক কর্ম/বিষয়ের সহিত সংশ্লিষ্ট প্রকল্প বা কর্মসূচি সরকারের অনুমোদনক্রমে জেলা পরিষদের নিয়ন্ত্রণে বাস্তবায়িত হইবে।

৭.০। চুক্তি সংশোধন:

৭.১। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এবং শিক্ষা মন্ত্রণালয় যৌথভাবে চুক্তিতে বর্ণিত শর্তসমূহ প্রয়োজনবোধে পর্যালোচনাপূর্বক জনস্বার্থে ঐক্যমত্যের ভিত্তিতে এই চুক্তি পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজন করিতে পারিবে;

৭.২ । চুক্তি বাস্তবায়নের এবং ইহার ব্যাখ্যার ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মধ্যে কোন মত পার্থক্য দেখা দিলে বিষয়টি নিস্পত্তির জন্য সরকার তথা পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নিকট পেশ করা হইবে এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় উক্ত বিষয়ে মত পার্থক্য নিস্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের সহিত আলোচনাক্রমে প্রয়োজনীয় পদক্ষেপ/চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

৭.৩। চুক্তিনামায় যে সব বিষয় বর্ণিত বা অন্তর্ভুক্ত হয়নি, সে সব বিষয় সরকারের বিদ্যমান ও প্রযোজ্য আইন/বিধি/বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে।

৮। খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন ১৯৮৯ এবং এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন এর সাথে এ চুক্তির কোন অংশ (শর্ত, ধারা, উপ-ধারা) অসামঞ্জস্যপূর্ণ হইলে তাহা সংশোধনযোগ্য মর্মে গণ্য হইবে।

এ চুক্তি অদ্য ২৬ মে, ২০১৪ খ্রি./১২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ হইতে কার্যকর হইবে।

আমি চাইথো অং মারমা, চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের পক্ষে এই চুক্তিপত্রে উল্লেখিত বিষয়গুলি উপরে বর্ণিত শর্তে গ্রহণ করিতে সম্মতি জ্ঞাপন করিলাম।

26/05/14

(চাইথো অং মারমা)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

(এ এস মাহমুদ)
অতিরিক্ত সচিব
শিক্ষা মন্ত্রণালয়

পর্যবেক্ষক

২৬/৫

(নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়